

## স্কুল কলেজে রোজার ছুটি পূর্ব নির্ধারিত সময় অনুযায়ী

নিজস্ব বার্তা পরিবেশক

বিএনপি-জামায়াত জোটের  
লাগাতার অবরোধ-হরতালে ক্লাস-  
পরীক্ষার ক্ষতি পোষাতে গ্রীষ্মের  
ছুটি কমিয়ে দেয়া হলেও  
পূর্বনির্ধারিত সময় অনুযায়ী সব  
স্কুল-কলেজে রোজার ছুটি থাকবে  
বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল  
ইসলাম নাহিদ।  
তিনি গতকাল ঢাকা রিপোর্টার্স  
ইউনিটি (ডিআরইউ) মিলনায়তনে  
এক অনুষ্ঠানে এ তথ্য জানান।  
এদিকে রোজার ছুটি পাঁচ দিন  
এগিয়ে রোজার : পৃষ্ঠা : ২ ক : ৭।

## রোজার : ছুটি

(১৬ পৃষ্ঠার পর)

এনে গত ১৫ জুন থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছুটি শুরু হয়েছে।  
শিক্ষামন্ত্রী বলেন, 'রমজানের ছুটিতে কোন পরিবর্তন হবে না, ছুটি যা  
আছে তাই থাকবে।'  
শিক্ষাপঞ্জিতে স্কুল-কলেজে ১৮ জুন থেকে ২১ জুলাই এবং সরকারি  
প্রাথমিক বিদ্যালয়ে ২০ জুন থেকে ৩০ জুলাই রোজা-ঈদের ছুটি নির্ধারিত  
রয়েছে। কিন্তু প্রাথমিক বিদ্যালয়ে ২৩ থেকে ২৭ মেস গ্রীষ্মের ছুটি থেকে  
পাঁচদিন কমিয়ে দিয়েছিল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। রোজার ছুটির  
সঙ্গে ওই পাঁচ দিনের ছুটি যোগ করে ১৫ জুন থেকে ছুটি শুরু হয়েছে।  
সাংবাদিকদের 'কর্তি' সভানদের সংবর্ধনা : ডিআরইউ যেসব সদস্যদের  
সভান প্রাথমিক শিক্ষা সমাপনী এবং জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি)  
পরীক্ষায় কমপক্ষে জিপিএ- ৪.৫০ পেয়েছে তাদের সংবর্ধনা দেয়া হয়েছে।  
ডিআরইউ'র সভাপতি শাখাওয়াজ হোসেন বাদশার সভাপতিত্বে অনুষ্ঠানে  
সংগঠনের সাবেক সভাপতি শাহেদ চৌধুরী, বর্তমান সাধারণ সম্পাদক  
ইলিয়াস হোসেন, ঢাকাটাইমস ২৪ কন্মের সম্পাদক আরিফুর রহমান প্রমুখ  
বক্তব্য রাখেন।  
ডিআরইউ মিলনায়তনে প্রাথমিক সমাপনীতে ভালো ফলের জন্য ২৫ জন  
এবং জেএসসির ফলের জন্য ১৭ জন শিক্ষার্থীর হাতে সনদ, ফ্রেস্ট ও দুই  
হাজার টাকার বৃত্তি তুলে দেন শিক্ষামন্ত্রী।  
এ সময় তিনি বলেন, 'বেশি মেধাধীদের আমরা এখনও শিক্ষক হিসেবে  
আকর্ষণ করতে পারি নাই। কারণ শিক্ষকদের আমরা ভালো বেতন-ভাতা  
ও সুযোগ-সুবিধা দিতে পারি না। তাই কেউ কোন চাকরি না পেলে  
শিক্ষকতায় আসেন।'  
নতুন প্রজন্মকে আধুনিক ও বিজ্ঞানমূলক শিক্ষায় শিক্ষিত করার আশাবাদ  
ব্যক্ত করে নুরুল ইসলাম নাহিদ বলেন, 'শিক্ষার গুণগত মান বৃদ্ধি করাই  
আমাদের মূল লক্ষ্য, তবে এটা করতে সময় লাগবে।' অনুষ্ঠানস্থলে  
সাংবাদিকদের সভানদের সঙ্গে কথা বলেন শিক্ষামন্ত্রী।